

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০১৫

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পূর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدِّمًا أَوْ مُؤَخَّرًا)

পরিচ্ছেদঃ যে ব্যক্তির পক্ষে তার প্রতিবেশি লোকজন ভালো সাক্ষ্য দেন, মহান আল্লাহ তাকে ক্ষমা করে দেন, যদিও তার ব্যাপারে ভিন্ন (মন্দ) কিছু জানেন

ذَكَرُ مَغْفِرَةِ اللَّهِ - جَلَّ وَعَلَا - ذُنُوبَ مَنْ شَهِدَ لَهُ جِرَانُهُ بِالْخَيْرِ وَإِنْ عَلِمَ اللَّهُ مِنْهُ بَخْلَافَهُ

আরবী

3015 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عُمَرَ الْوُكَيْعِيُّ قَالَ: حَدَّثَنَا مُؤَمِّلُ بْنُ إِسْمَاعِيلَ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا مِنْ مُسْلِمٍ يَمُوتُ فَيَشْهَدُ لَهُ أَرْبَعَةُ أَهْلِ أَبِيَاتٍ مِنْ جِيرَتِهِ الْأَدْنَيْنِ أَنَّهُمْ لَا يَعْلَمُونَ إِلَّا خَيْرًا إِلَّا قَالَ اللَّهُ - جَلَّ وَعَلَا -: (قَدْ قَبِلْتُ عِلْمَكُمْ فِيهِ وَغَفَرْتُ لَهُ مَا لَا تَعْلَمُونَ)

الراوي : أَنَسُ بْنُ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3015 | خلاصة حكم المحدث: صحيح - ((أحكام الجنائز)).

বাংলা

৩০১৫. আনাস বিন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে কোন মুসলিম ব্যক্তি মারা যায়, অতঃপর তার ব্যাপারে তার নিকটতম চার পরিবারের লোকজন সাক্ষ্য দেন যে, তারা তার ব্যাপারে ভালো ছাড়া অন্য কিছু জানেন না, তবে মহান আল্লাহ বলেন, “তার ব্যাপারে তোমাদের যে ইলম, তা আমি গ্রহণ করলাম। আর তোমরা যা জানো না, তা আমি ক্ষমা করে দিলাম।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়ালা: ৩৪৮১; মুসনাদ আহমাদ: ২/২৪২; হাকিম: ১/৩৭৮; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ:

৩/৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সমর্থক হাদীস থাকার কারণে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92345>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন